মাননীয়,

দাগনভূঁঞা সিনিয়র সহকারী জজ আদালত, ফেনী

জেলা- ফেনী।

দেওয়ানী মামলা নং- ১৭৮/২০২১ ইং

আবদুল মানিক বনাম আবদুল ইউনুছ গং

বাদী বিবাদী

## বাদী পক্ষে অত্র মামলা প্রত্যাহারের প্রার্থনা।

নিবেদন এই,

উপরোক্ত মোকদ্দমার বাদী ও ১নং বিবাদী সহোদর ভ্রাতা হয়। ১নং বিবাদী ব্যতীত অপর বিবাদীগনের বিরুদ্ধে বাদী কোন প্রতিকার প্রার্থনা করেনি। বাদী ও ১নং বিবাদী মধ্যে স্থানীয় ভাবে অত্র মামলা সম্পর্কিত বিরোধ আপোষ মীমাংশা হইয়া গিয়াছে। বাদী ১নং বিবাদী ভ্রাতা হিসাবে নালিশী ভূমির পার্শ্বেদিয়া রাস্তা নির্মাণ করে ঐ রাস্তা নতুন তৈরী করা বাড়ী হইতে চলাচল করিতে পারিবে বলে ১নং বিবাদীকে ছেড়ে দিয়েছে। বাদী জৈষ্ঠ্য ভ্রাতা হিসাবে ১নং বিবাদী কে নালিশী ভূমির পাশে দিয়া রাস্তা তৈরী করে চলাচলের অনুমতি দেওয়া ১নং বিবাদী তাহা শ্রদ্ধার সহিত স্বসম্মানে মানিয়া নিয়াছে। বাদী তজ্জন্যে আর ভ্রাতা ১নং বিবাদীর বিরুদ্ধে অত্র মামলা পরিচালনা করার আবশ্যকতা নাই হেতু তাহা প্রত্যাহার করিয়া নিবে।

অতএব, বাদী বিনীত ভাবে প্রার্থনা করেন যে, উপরোক্ত অবস্থা ও কারণাধীনে বাদী আর তদ ভ্রাতা ১নং বিবাদীর বিরুদ্ধে স্থানীয় মীমাংশার মর্মে অত্র মামলা পরিচালনা করায় আবশ্যকতা নাই বিধায় তাহা প্রত্যাহারের মর্মে আদেশ দানে বাধিত করার মর্জি হয়।

সত্যপাঠ

অত্র প্রার্থনার লিখিত যাবতীয় বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। অত্র সত্যতায় শুদ্ধ স্বীকারে নিম্মে আমার নিজ নাম স্বাক্ষর প্রদান করিলাম।

ইতি তাং-